ডায়েরী নং-২৭০৭ তারিখ ২৭/৬/২১
মহা-পরিচালকের কার্যালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর

| পেশ করুন | আলোচনা করুন |
|---|---|
| অতিরিক্ত মহা-পরিচালক (প্রশাসন) | পরিচালক (প্রশাসন/অর্থ/.........) |
| অতিরিক্ত মহা-পরিচালক (কারিগরি) | সহকারী পরিচালক (সমন্বয়) |
| অতিরিক্ত মহা-পরিচালক (রেগুলেটর) | |

বরাবর
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

বিষয় : মে, ২০২১ মাসের টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহের পরিদর্শন প্রতিবেদন।

সূত্র : টেলিযোগাযোগ অধিদপ্তরের নং-১৪.০০.০০০০.২১২.০৬.৫৫২.১৮.১০, তারিখ : জুলাই, ২০১৯ খ্রিঃ।

সূত্রস্থিত স্মারকের পত্রের প্রেক্ষিতে টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভিন্ন দপ্তরসমূহ হতে প্রদত্ত সেবা সমূহের বিপরীতে প্রতিমাসে একটি পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত পূর্বক জমাদানের নিমিত্তে কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি মে, ২০২১ মাসে সংশ্লিষ্ট কার্যালয় সমূহের নথিপত্র ও প্রাসঙ্গিক কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা করে একটি প্রতিবেদন প্রস্তুত করেছেন যা নিম্নরূপ :-

| ক্র. | প্রতিবেদনের বিষয় | বিবরণ |
|---|---|---|
| ০১) | অবসর ও অবসরোত্তর ছুটিতে (পিআরএল) গমনকারী কর্মকর্তা/ কর্মচারীদের অধিদপ্তরে যোগদান, পদস্থাপন এবং বেতন-ভাতা প্রদান বিষয়ক সেবা। | সহকারী পরিচালক (আইসিটি বাস্তবায়ন) শাখা পরিদর্শন করে দেখা যায় মে, ২০২১ মাসে পিআরএলগামী ২৪ জন আবেদনকারীর যোগদানপত্র গ্রহণ পূর্বক অধিদপ্তরের বিলোপযোগ্য পদে পদস্থাপন আদেশ জারী করা হযেছে। ০১ জন মহিলা কর্মচারী (রংপুরে কর্মরত) বিলম্বে যোগদান করেন। ফলে যোগদানকৃতদের বেতন-ভাতাদি গ্রহণের সেবা নিশ্চিত হয়েছে। |
| ০২) | অবসর ও অবসরোত্তর ছুটি (পিআরএল) এবং আঠার মাসের এককালীন থোক (লাম্পগ্র্যান্ড) মঞ্জুরীর প্রশাসনিক আদেশ জারী সেবা | সহকারী পরিচালক (আইসিটি বাস্তবায়ন) শাখা পরিদর্শন করে দেখা যায় মে, ২০২১ মাসে অধিদপ্তরে যোগদানকারী ২৪ জনের পিআরএলে গমণের তারিখের পূর্বেই অবসর ও অবসরোত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্র্যান্ড মঞ্জুরীর প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। |
| ০৩) | আঠার মাসের এককালীন থোক (লাম্পগ্র্যান্ড) এর আর্থিক মঞ্জুরী সেবা | সহকারী পরিচালক (হিসাব) শাখা পরিদর্শন করে দেখা যায় পূর্ববর্তী মাসের ০৬ টি জেরসহ সর্বমোট ৩২ টি আবেদন জমা পড়ে। তন্মধ্যে ২১ টি আবেদনের আর্থিক মঞ্জুরী প্রদান করে অর্থ শাখায় প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১১ টি আবেদন পেন্ডিং রয়েছে। পেন্ডিং আবেদনগুলি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে মর্মে পরিলক্ষিত হয়। |
| ০৪) | জিপিএফ সেবা | সহকারী পরিচালক (অন্যান্য সংস্থা) শাখা পরিদর্শন করে দেখা যায় মে, ২০২১ মাসে ফেরত ও অফেরতযোগ্য জিপিএফের পূর্ববর্তী মাসের ০৩ টি জেরসহ সর্বমোট ২৩ টি আবেদন জমা পড়ে। তন্মধ্যে ১৬ টি আবেদন সন্তোষজনকভাবে নিষ্পত্তি করা হয়েছে। চলতি মাস শেষে ০৭ টি আবেদন পেন্ডিং পরিলক্ষিত হয়। পেন্ডিং আবেদনগুলি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে মর্মে পরিলক্ষিত হয়।<br>একই শাখায় অবসরগ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের জিপিএফ চুড়ান্ত হিসাব আবেদন পর্যালোচনা করে দেখা যায় মে, ২০২১ মাসে পূর্ববর্তী মাসের ১৪ টি জেরসহ সর্বমোট ৪৬ টি আবেদন জমা পড়ে। তন্মধ্যে ২৯ টি আবেদন সন্তোষজনকভাবে নিষ্পত্তি করা হয়েছে। মাস শেষে পেন্ডিং আবেদনের সংখ্যা ১৭ টি। আবেদনগুলি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে মর্মে পরিলক্ষিত হয়। |

| ক্র. | প্রতিবেদনের বিষয় | বিবরণ |
|---|---|---|
| ০৫) | পেনশন সেবা | সহকারী পরিচালক (অর্থ) শাখা পরিদর্শন করে দেখা যায় মে, ২০২১ মাসে সিএএন্ডএফও (টিএন্ডটি) অফিসে ২৪ টি আবেদন প্রেরণ করা হয়। সিএএন্ডএফও অফিসে পূর্ববর্তী মাসের ১৩৩ টি জেরসহ ছিল যার মধ্যে মে, ২০২১ মাসে ৩৫ টি আবেদন নিষ্পত্তি হয়। সিএএন্ডএফও অফিসে পেন্ডিং আবেদনের সংখ্যা বর্তমান ১২৪ টি। তন্মধ্যে ডিওটি অফিসে আপত্তি দিয়ে ০৮ টি ফেরত পাঠানো হয়েছে। মে, ২০২১ মাস শেষে ডটে পেন্ডিং আবেদনের সংখ্যা ৪৮ টি (ডটে ৪০ টি এবং সিএএন্ডএফও অফিস ফেরত ০৮ টি)। |
| ০৬) | কল্যাণ বিষয়ক কার্যক্রম | সহকারী পরিচালক (গেটওয়ে লাইসেন্সিং শাখা) পরিদর্শন করে মে, ২০২১ মাসে পরিলক্ষিত সেবাসমূহের তথ্য নিম্নরূপ-<br>যৌথবীমা তহবিল হতে এককালীন আর্থিক অনুদানের পূর্ববর্তী মাসের জের ০০ টি সহ সর্বমোট ০১ টি আবেদন গৃহীত হয়েছে এবং সকল আবেদনসমূহ কল্যাণ বোর্ডে বিবেচনার জন্য প্রেরণ করা হয়েছে।<br>কল্যাণ তহবিল হতে মাসিক কল্যাণ ভাতা অনুদানের পূর্ববর্তী মাসসমূহের ০০ টি জেরসহ সর্বমোট ০২ টি আবেদন গৃহীত হয় এবং সকল আবেদনসমূহ কল্যাণ বোর্ডে বিবেচনার জন্য প্রেরণ করা হয়েছে।<br>জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এককালীন আর্থিক অনুদানের কোন আবেদন জমা পড়েনি।<br>দাফন ও অন্তেষ্টিক্রিয়া অনুদানের পূর্ববর্তী মাসের জের ০০ টিসহ সর্বমোট ০২ টি আবেদন পাওয়া গিয়েছে। তন্মধ্যে ০২ টি আবেদন নিষ্পত্তিকৃত মর্মে পরিলক্ষিত হয়।<br>কল্যাণ তহবিল থেকে সাধারণ চিকিৎসা সহায়তার এককালীন আর্থিক সহায়তার কোন আবেদন পাওয়া যায়নি।<br>কল্যাণ তহবিল থেকে জটিল ও ব্যয়বহুল চিকিৎসা সহায়তার এককালীন আর্থিক অনুদানের কোন আবেদন পাওয়া যায়নি।<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের এককালীন আর্থিক অনুদানের রাজস্ব খাতের প্রত্যয়ন পত্র ০১ টি পাওয়া যায় যা নিষ্পত্তি হয়েছে।<br>মাসিক কল্যাণ ভাতা অনুদানের আদেশনামা প্রাপ্তি স্বীকার রশিদ চলতি মাসে জেন শুন্য |

(আহাম্মদ উল্লাহ)
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব, গঠিত কমিটি

(মো: মাসুদ করিম)
উপ পরিচালক (অর্থ)
ও
সদস্য, গঠিত কমিটি

(মো: আবু তালেব)
পরিচালক (ফিকোয়েন্সি ব্যবস্থাপনা)
ও
আহ্বায়ক, গঠিত কমিটি